



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
www.rda.gov.bd

স্মারক নং-৪৭.৬৪.১০৮৮.০২৭.১৭২.১৯/ ৬৪৬

তারিখঃ ৬১ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
১৬ অক্টোবর ২০২৪ খ্রি.

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণাধর্মী একটি জাতীয় প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণের মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে আগ্রহী যুবক/যুবাদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদানে আগ্রহী।

দক্ষতা উন্নয়ন বিষয়ক কারিগরি প্রশিক্ষণ কোর্সের ভর্তি বিজ্ঞপ্তি

কারিগরি ট্রেডসমূহ ও কোর্সের মেয়াদ

- ১। ডাইভিং প্রশিক্ষণ (সর্বনিম্ন বয়স ২১ বছর) - ২০জন : ২৮দিন
- ২। ডিজিটাল মার্কেটিং ফর ফ্রিল্যান্সিং - ২০ জন : ৩৬০ ঘন্টা
- ৩। ইলেকট্রিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেনেন্স ফর কনস্ট্রাকশন - ২০ জন : ৩৬০ ঘন্টা
- ৪। রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং - ২০ জন : ৩৬০ ঘন্টা
- ৫। প্লাস্টিং - ২০ জন : ৩৬০ ঘন্টা
- ৬। টেইলারিং এন্ড ডেস মেকিং - ২০ জন : ৩৬০ ঘন্টা

শিক্ষাগত যোগ্যতা ও বয়স

অষ্টম শ্রেণি পাস, সর্বোচ্চ ৪৫ বছর। তবে বিদেশ ফেরত কর্মীদের জন্য বয়স শিথিলযোগ্য।

আবেদনের নিয়ম

প্রার্থীকে নির্ধারিত সময়ের মধ্যে আরডিএ. বগুড়ার ওয়েবসাইটে (www.rda.gov.bd) দেয়া নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে। আবেদনপত্রটি নির্ধারিত সময়ের মধ্যে নিম্নে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্র এবং মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া বরাবর সরাসরি অথবা ডাকযোগে প্রদান করতে হবে।


নিম্নে উল্লেখিত কাগজপত্রাদি দাখিল করতে হবে

১. শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি;
২. জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
৩. এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

বিশেষ শর্তাবলিঃ

- ডাইভিং কোর্সের প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ ফি বাবদ টাকা ৫০০০/- (পাঁচ হাজার) এবং লাইসেন্স সংক্রান্ত প্রয়োজনীয় ফি প্রদান করতে হবে।
- ফ্রিল্যান্সিং কোর্সের প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ ফি টাকা ৫০০০/- (পাঁচ হাজার) প্রদান করতে হবে।

১. আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্রাদি দাখিলের শেষ তারিখ : ০৭ নভেম্বর, ২০২৪
২. নির্বাচনী সাক্ষাৎকার : ১৪ নভেম্বর, ২০২৪
৩. নির্বাচিত প্রশিক্ষার্থীদের তালিকা প্রকাশ : ১৪ নভেম্বর ২০২৪ (আরডিএ ওয়েব সাইটে)
৪. প্রশিক্ষণ শুরু : ১৭ নভেম্বর ২০২৪


মহাপরিচালক

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।

কোর্সের সুবিধাদি

১. একাডেমী একটি জাতীয় প্রশিক্ষণ গবেষণা ও প্রায়োগিক গবেষণাধর্মী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত;
২. প্রশিক্ষার্থীগণ কারিগরি ট্রেড নং ২, ৩, ৪, ৫ ও ৬ এ উল্লেখিত প্রশিক্ষণ শেষে এনএসডিএ কর্তৃক লেভেল-১ পরীক্ষায় উত্তীর্ণ সাপেক্ষে এনএসডিএ এর সনদপ্রাপ্ত হবেন যা বিদেশে চাকুরি প্রাপ্তিতে সহায়ক;
৩. ডাইভিং লাইসেন্স (হালকা) প্রাপ্তিতে লাইসেন্স ফি প্রদান সাপেক্ষে লাইসেন্স প্রাপ্তি ও চাকুরির ক্ষেত্রে সহযোগিতা প্রদান;
৪. চাকুরিপ্রাপ্তি সহজীকরণে প্রশিক্ষণ চলাকালীন জাতীয় পর্যায়ের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণে আরডিএ ক্যাম্পাসে জব ফেয়ার আয়োজন;
৫. ফ্রিল্যান্সিং এ বায়ার প্রাপ্তির ক্ষেত্রে পরামর্শ সেবা প্রদান;
৬. ইলেকট্রিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেনেন্স ফর কনস্ট্রাকশন, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং, প্লাস্টিং, টেইলারিং এন্ড ডেস মেকিং প্রশিক্ষণের মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টি ও চাকুরির ক্ষেত্রে সহযোগিতা প্রদান;
৭. নারীদের ক্ষেত্রে সেলাই ও হস্তশিল্পে উদ্যোক্তা উন্নয়নে সহযোগিতা প্রদান;
৮. ফ্রি আহার ও আবাসন;
৯. আধুনিক গ্রন্থাগার ব্যবহারে সুযোগ;
১০. অত্যাধুনিক কম্পিউটার ল্যাবঃ ব্যবহারের সুযোগ;
১১. বিনামূল্যে ওয়াই-ফাই ব্যবহারের সুবিধা;
১২. প্রশিক্ষার্থীদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও উদ্যোক্তা উন্নয়নে কাউন্সিলিং সুবিধা;
১৩. ইনডোর-আউটডোর খেলাধুলার সুবিধা;
১৪. সর্বোপরি আরডিএ, বগুড়ার সবুজ চত্বরে নির্মল পরিবেশে কারিয়ার গঠনের সুযোগ।